

## চবি শিক্ষক সমিতির সভাপতিসহ ৮ সদস্যের পদত্যাগ

চবি সংবাদদাতা : আকস্মিক পদত্যাগ করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির ৮ সদস্য। রবিবার সকালে শিক্ষক সমিতির কার্যালয়ে এক জরুরী সভা শেষে সভাপতি, সাধারণ সম্পাদকসহ নির্বাহী কমিটির ৬ সদস্য পদত্যাগ করেন। ১১ সদস্যের মধ্যে দু'জন আগেই পদত্যাগপত্র জমা দিয়েছিলেন। বাকি তিনজনের একজন বিদেশে আছেন। অন্য দু'জন ওই সভায় উপস্থিত ছিলেন না। তারা পরে পদত্যাগপত্র জমা দেবেন বলে জানা গেছে। কমিটির মেয়াদ উত্তীর্ণের পরও নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন দিতে না পারায় কার্যভার দায়ভার নিয়ে তারা পদত্যাগ করেছেন। পদত্যাগের পর সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অধিকাল নেতাই রবিবার সারাদিন মোবাইল ফোন বন্ধ রাখলেও শিক্ষক সমিতির দুই সম্পাদক সহকারী অধ্যাপক, তানভীর মোহাম্মদ হায়দার আরিফ পদত্যাগের বিষয়টি স্বীকার করেছেন। তিনি জানান, শিক্ষকদের একটি অংশ অতিযোগ করছিল, আমরা ক্রমশে আঁকড়ে রাখতে নির্বাচন বিপর্যিত করছি। এ অতিযোগ মিথ্যে প্রমাণ করার জন্য আমরা পদত্যাগের সিদ্ধান্ত নিই। শিক্ষক সমিতি সূত্রে জানা গেছে, রবিবার সকালে সমিতির সভাপতি প্রফেসর ড. সিন্ধিক আহমেদ চৌধুরী ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোহাম্মদ আলী চৌধুরীর নেতৃত্বে জরুরী বৈঠকে বসেন কার্যনির্বাহী কমিটির সদস্যরা। সভায় সর্বসম্মতক্রমে তারা পদত্যাগের সিদ্ধান্ত নেন। এর আগে গত ১০ জুন কার্যনির্বাহী কমিটির ২ সদস্য পদত্যাগ পত্র জমা দিয়েছেন। ৩ জুন নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন না

(১১-৭টা ৪-এর কঃ দেয়ন)

## চবি শিক্ষক সমিতির

(১২-এর পরে)

হওরায় পদত্যাগ করেন প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন কমিশনের তিন সদস্য। এ অবস্থায় পুরোপুরি অনির্দিষ্ট হয়ে গেল চবি শিক্ষক সমিতির নির্বাচন প্রক্রিয়া। গত এপ্রিল মাসে নির্বাচনের উদ্যোগ নেয়া হলেও সরকারী প্রশাসনের আপত্তির মুখে তা স্থগিত করা হয়েছিল।